মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে এমএএস ইমনের খাবার বিতরণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এমএএস ইমনের উদ্যোগে দুস্থ্যদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরের দিকে এমএএস ইমনের অফিস চত্তরে আনুষ্ঠানিকভাবে এই খাবার বিতরণ করা হয়েছে।

এসময় স্বেচ্ছাসেবক লীগের সহসভাপতি অরুপ শিশির, নিসান সাবের, যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল রানা, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শরীফ রেজা পান্না,তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক আতিক স্বপন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সদস্য মফিজুর রহমান, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সদস্য কামরুল হাসান চান্দু, মেহেরপুর জেলা শ্রমিকলীগের সদস্য সচীব মোস্তাফিজুর রহমান, আওয়ামীলীগ নেতা বেলাল হোসেন ছাত্রলীগের সাবেক নেতা ইব্রাহিম হোসেন প্রমুখ।